প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
برائم اسلامى لائف انشورنس لميتيد
Prime Islami Life Insurance Limited
ISO 9001 : 2015 CERTIFIED

মার্চ ১৮, ২০২০

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)
সকল জোন এবং সার্ভিস সেন্টার
সকল সাংগঠনিক অফিস প্রধান
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী।
সকল ডেস্ক কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

## অফিস প্রজ্ঞাপন নং ঃ ৩২-২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি "কোভিড-১৯(করোনা ভাইরাস)" বিশ্বের বিভিন্ন দেশে ব্যাপক বিস্তার লাভ করেছে। বিশ্বব্যাপী উক্ত ভাইরাসের ব্যাপক বিস্তার ও প্রাণহাণীর কারণে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) রোগটিকে ইতোমধ্যে মহামারি হিসেবে ঘোষণা করেছে। "কোভিড-১৯(করোনা ভাইরাস)" একটি ছোঁয়াচে রোগ। "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এ আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার(করমর্দন, হাঁচি, কাশি, লালা ইত্যাদির) মাধ্যমে বা তাদের ব্যবহৃত পোষাক, আসবাবপত্রের মাধ্যমেও এ রোগ ছড়িয়ে থাকে।

বর্তমানে বাংলাদেশেও "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এ আক্রান্ত হওয়ার তথ্য পাওয়া যাচ্ছে। এ রোগ প্রতিরোধের প্রধান মাধ্যম হলো সচেতনতা। সচেতনতার অংশ হিসেবে কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীগণকে কর্মস্থলে নিম্নলিখিত সচেতনতামূলক কার্যক্রম অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো ঃ

১. অফিসে প্রবেশের পর দৈনন্দিন কার্যক্রম শুরুর পূর্বে অবশ্যই সাবান বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত ভালোভাবে ধুয়ে নিতে হবে।
২. সহকর্মীগণের সাথে করমর্দন/কোলাকুলি করা থেকে বিরত থাকতে হবে।
৩. হাঁচি/কাশি আসলে অবশ্যই রুমাল/টিস্যু ইত্যাদি দিয়ে নাক/মুখ ঢেকে রাখতে হবে এবং ব্যবহৃত রুমাল/টিস্যু অবশ্যই নির্ধারিত বিনে ফেলতে হবে।
৪. যে কোন দাপ্তরিক প্রয়োজনে কোন সহকর্মীর সাথে কথা বলতে/তথ্য আদান-প্রদান করতে হলে নিরাপদ দুরত্ব বজায় রাখতে হবে।
৫. কর্মস্থলে আসা যাওয়ার পথে যথাসম্ভব জনবহুল এলাকা বা গণপরিবহন পরিহার করতে হবে।
৬. বিশেষ প্রয়োজন ছাড়া বাড়ী অথবা অফিসের বাহিরে ঘুরাফেরা বন্ধ রাখতে হবে।

সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার পরেও যদি কোন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এর উপসর্গ (জ্বর, গলা ব্যাথা, কাশি, সর্দি, শ্বাস প্রশ্বাসে নিতে কষ্ট হওয়া) দেখা দেয় তাহলে স্বেচ্ছায় "হোম কোয়ারেন্টাইন" এ থাকতে হবে এবং নির্ধারিত স্থানে বিশেষজ্ঞ চিকিৎসকের সরণাপন্ন হয়ে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে করোনা ভাইরাসে আক্রান্ত কিনা তা নিশ্চিত হতে হবে। পরীক্ষায় করোনা ভাইরাস পজেটিভ হলে সম্পূর্ণ সুস্থ না হওয়া পর্যন্ত "কোয়ারেন্টাইন" এ থাকতে হবে। মেডিকেল পরীক্ষায় "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এর কোন প্রমাণ পাওয়া না গেলে কর্মস্থলে যোগদান করতে হলে অবশ্যই সুস্থতার সনদপত্র বা "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এ আক্রান্ত নয় এমন সনদ দাখিল করতে হবে।



আর্থিক নিরাপত্তার সেতবন্ধন
প্রধান কার্যালয় : গাউছে পাক ভবন (১৪ তলা), ২৮/জি/১ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০, ই-মেইল : ceo@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com

ইতোমধ্যে কোম্পানি কর্তৃক ওয়েবসাইট ও ফেসবুকে প্রচারিত সতর্কতামূলক ও প্রয়োজনীয় তথ্যাদি অনুসরণ করা, পরিবারের সবাইকে অনুসরণ করতে উৎসাহিত করার জন্যও অনুরোধ জানানো হলো।

এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

১৮/০৩/২০২০

**কাজী আবুল মনজুর**
এসইভিপি ও ইনচার্জ
প্রশাসন বিভাগ



আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন
প্রধান কার্যালয় : গাউছে পাক ভবন (১৪ তলা), ২৮/জি/১ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০, ই-মেইল : ceo@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com

# প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড
برائم اسلامى لائف انشورنس لميتيد
# Prime Islami Life Insurance Limited
ISO 9001 : 2015 CERTIFIED


মার্চ ১৮, ২০২০

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)
সকল জোন এবং সার্ভিস সেন্টার
সকল সাংগঠনিক অফিস প্রধান
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী।
সকল ডেস্ক কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

## অফিস প্রজ্ঞাপন নং ঃ ৩২-২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি "কোভিড-১৯(করোনা ভাইরাস)" বিশ্বের বিভিন্ন দেশে ব্যাপক বিস্তার লাভ করেছে। বিশ্বব্যাপী উক্ত ভাইরাসের ব্যাপক বিস্তার ও প্রাণহাণীর কারণে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) রোগটিকে ইতোমধ্যে মহামারি হিসেবে ঘোষণা করেছে। "কোভিড-১৯(করোনা ভাইরাস)" একটি ছোঁয়াচে রোগ। "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এ আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার(করমর্দন, হাঁচি, কাশি, লালা ইত্যাদির) মাধ্যমে বা তাদের ব্যবহৃত পোষাক, আসবাবপত্রের মাধ্যমেও এ রোগ ছড়িয়ে থাকে।

বর্তমানে বাংলাদেশেও "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এ আক্রান্ত হওয়ার তথ্য পাওয়া যাচ্ছে। এ রোগ প্রতিরোধের প্রধান মাধ্যম হলো সচেতনতা। সচেতনতার অংশ হিসেবে কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীগণকে কর্মস্থলে নিম্নলিখিত সচেতনতামূলক কার্যক্রম অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো ঃ

১. অফিসে প্রবেশের পর দৈনন্দিন কার্যক্রম শুরুর পূর্বে অবশ্যই সাবান বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত ভালোভাবে ধুয়ে নিতে হবে।
২. সহকর্মীগণের সাথে করমর্দন/কোলাকুলি করা থেকে বিরত থাকতে হবে।
৩. হাঁচি/কাশি আসলে অবশ্যই রুমাল/টিস্যু ইত্যাদি দিয়ে নাক/মুখ ঢেকে রাখতে হবে এবং ব্যবহৃত রুমাল/টিস্যু অবশ্যই নির্ধারিত বিনে ফেলতে হবে।
৪. যে কোন দাপ্তরিক প্রয়োজনে কোন সহকর্মীর সাথে কথা বলতে/তথ্য আদান-প্রদান করতে হলে নিরাপদ দুরত্ব বজায় রাখতে হবে।
৫. কর্মস্থলে আসা যাওয়ার পথে যথাসম্ভব জনবহুল এলাকা বা গণপরিবহন পরিহার করতে হবে।
৬. বিশেষ প্রয়োজন ছাড়া বাড়ী অথবা অফিসের বাহিরে ঘুরাফেরা বন্ধ রাখতে হবে।

সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার পরেও যদি কোন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এর উপসর্গ (জ্বর, গলা ব্যাথা, কাশি, সর্দি, শ্বাস প্রশ্বাসে নিতে কষ্ট হওয়া) দেখা দেয় তাহলে স্বেচ্ছায় "হোম কোয়ারেন্টাইন" এ থাকতে হবে এবং নির্ধারিত স্থানে বিশেষজ্ঞ চিকিৎসকের সরণাপন্ন হয়ে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে করোনা ভাইরাসে আক্রান্ত কিনা তা নিশ্চিত হতে হবে। পরীক্ষায় করোনা ভাইরাস পজেটিভ হলে সম্পূর্ণ সুস্থ না হওয়া পর্যন্ত "কোয়ারেন্টাইন" এ থাকতে হবে। মেডিকেল পরীক্ষায় "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এর কোন প্রমাণ পাওয়া না গেলে কর্মস্থলে যোগদান করতে হলে অবশ্যই সুস্থতার সনদপত্র বা "কোভিড-১৯(করোনা ভাইরাস)" এ আক্রান্ত নয় এমন সনদ দাখিল করতে হবে।




আর্থিক নিরাপত্তার সেতবন্ধন
প্রধান কার্যালয় : গাউছে পাক ভবন (১৪ তলা), ২৮/জি/১ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০, ই-মেইল : ceo@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com

ইতোমধ্যে কোম্পানি কর্তৃক ওয়েবসাইট ও ফেসবুকে প্রচারিত সতর্কতামূলক ও প্রয়োজনীয় তথ্যাদি অনুসরণ করা, পরিবারের সবাইকে অনুসরণ করতে উৎসাহিত করার জন্যও অনুরোধ জানানো হলো।

এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

১৮/০৬/২০২০

কাজী আবুল মনজুর
এসইভিপি ও ইনচার্জ
প্রশাসন বিভাগ

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য ঃ

১. ভাইস চেয়ারম্যান।
২. মুখ্য নির্বাহী কর্মকর্তা।
৩. চীফ কনসালটেন্ট টু দি বোর্ড।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক ও সিএফও ।
৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব।
৬. মাষ্টার ফাইল।
৭. অফিস কপি।



আর্থিক নিরাপত্তার সেতবন্ধন
প্রধান কার্যালয় : গাউছে পাক ভবন (১৪ তলা), ২৮/জি/১ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০, ই-মেইল : ceo@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primeislamilifebd.com